দৈনিক
আমাদের সময়

তারিখ ... 17 MAY 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ... ......

# ছাত্রফ্রন্টের কর্মীকে বাঁচাতে গিয়ে মার খেলেন ছাত্রদলকর্মী

জবি প্রতিনিধি ●

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের কর্মীর ওপর ছাত্রলীগ হামলা করলে তাকে বাঁচাতে গিয়ে মার খেলেন জবি শাখা ছাত্রদলের এক কর্মী। ছাত্রলীগের এই হামলায় তারা দুজনই আহত হন। তাদের মধ্যে এরপর পৃষ্ঠা ২, কলাম ৬

## ছাত্রফ্রন্টের কর্মীকে বাঁচাতে গিয়ে

(শেষ পৃষ্ঠার পর) ছাত্রদলকর্মীকের ইসলামী ব্যাংক হাসপাতালে ভর্তি করা হয়েছে। গতকাল সোমবার বেলা ২টার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, বেলা ২টার দিকে ক্যাম্পাসের প্রধান ফটকের সামনে দিয়ে বের হওয়ার সময় গায়ে ধাক্কা খাওয়ার জেরে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের সদস্য সুজনকে মারধর করতে থাকে ছাত্রলীগকর্মীরা। এ সময় সুজনকে বাঁচাতে ছাত্রদলকর্মী মাইনুদ্দিন এগিয়ে গেলে তাকেও মারধর করতে থাকে ছাত্রলীগের ওই উচ্ছৃঙ্খল নেতাকর্মীরা। এতে মাইনুদ্দিন গুরুতর আহত হন। আহত অবস্থায় মাইনুদ্দিনকে ইসলামী ব্যাংক হাসপাতালে ভর্তি করা হয়। পরে সেখান থেকে তাকে বাসায় নিয়ে যাওয়া হয়।

সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের সদস্য সুজন জানান, ক্লাস করে প্রধান ফটক দিয়ে বের হওয়ার সময় এক ছাত্রলীগকর্মীর সঙ্গে ধাক্কা লাগে। এ সময় কিছু বুঝে ওঠার আগেই ছাত্রলীগের কয়েকজন কর্মীরা এসে আমাকে পেটাতে থাকে। আমাকে বাঁচাতে মইনুদ্দিন এগিয়ে এলে তাকেও ছাত্রদলের কর্মী বলে মারধর করা হয়।

জবি শাখার ছাত্রলীগের সাধারণ সম্পাদক এসএম সিরাজুল ইসলাম বলেন, ক্যাম্পাসে কেউ নাশকতা সৃষ্টি করার চেষ্টা করলে তাদের সঙ্গে সঙ্গে প্রতিহত করতে হবে। সে যেই হোক না কেন। এ বিষয়ে জবি প্রক্টর ড. নুর মোহাম্মাদ বলেন, বিষয়টি আমি শুনেছি, তবে এ বিষয়ে কোনো লিখিত অভিযোগ পাইনি।